গাজী মেডিকেল কলেজ
Gazi Medical College

A 19-21, Majid Sarani, Sonadanga, Khulna-9000
Phone : +88 041-812608, Fax : +88 041-724450
Cell : +88 01714-086830
E-mail : gmc11@rocketmail.com

# ৩৬ তম গভর্নিং বডির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ডাঃ গাজী মিজানুর রহমান

সদস্য সচিব ঃ জনাব অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস

ভেন্যু ঃ কনফারেন্স রুম, গাজী মেডিকেল কলেজ হাসপাতাল, সোনাডাঙ্গা, খুলনা

তারিখ ঃ ২৩ মার্চ ২০১৯, বেলা ১২.০০ টা

গাজী মেডিকেল কলেজের সম্মানিত চেয়ারম্যান এবং গভর্নিং বডির সভাপতি জনাব ডা. গাজী মিজানুর রহমান সভায় উপস্থিত রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয় কর্তৃক অনুমোদিত গভর্নিং বডির স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নতুন প্রতিনিধি জনাব ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার এবং স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি চিকিৎসা শিক্ষা বিভাগের পরিচালক জনাব অধ্যাপক ডাঃ এ কে এম আহসান হাবিব কে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। এছাড়া সভার শুরুতে কমিউনিটি মেডিসিন বিভাগের প্রধান অধ্যাপক ডাঃ মোঃ লস্কর শওকতউজ্জামান এবং নাক-কান-গলা বিভাগের আরএস ডাঃ মোঃ শাহাদাত হোসেন এর মৃত্যুতে একটি শোক প্রস্তাব আনেন কলেজের উপাধ্যক্ষ ডাঃ বঙ্গ কমল বসু এবং সভায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন দেয়া হয়।

**সভার আলোচ্যসূচী ও গৃহীত সিদ্ধান্তসমূহ ঃ**

১। সভার শুরুতে পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ করেন গভর্নিং বডির সদস্য সচিব কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে ৩৫ তম সভার রেজুলেশন অনুমোদন করা হয়।

**২। অত্র কলেজে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি সম্পর্কিতঃ**

- রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য ০৬ সদস্য বিশিষ্ট ভর্তি কমিটি গঠন করা হয়েছিল। (অত্র কলেজের অধ্যক্ষ মহোদয় আহবায়ক, উপাচার্য মহোদয় কর্তৃক মনোনীত ০২ জন প্রতিনিধি এবং অত্র কলেজের ০৩ জন শিক্ষক অর্থাৎ মোট ০৬ জনের সমন্বয়ে ভর্তি কমিটি গঠন করা হয়েছিল। উক্ত কমিটিতে রা.মে.বি. এর মাননীয় উপাচার্য মহোদয় কর্তৃক বিশ্ববিদ্যালয় প্রতিনিধি হিসাবে অধ্যক্ষ, খুলনা মেডিকেল কলেজ ও অধ্যক্ষ, যশোর মেডিকেল কলেজ -কে মনোনীত করা হয়েছিল।)
- অত্র কলেজে এমবিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে “মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি নীতিমালা-২০১১” অনুসরন করা হয়েছে।
- অত্র কলেজে অনুমোদিত আসন সংখ্যা ১০০ টি। [দেশী আসন সংখ্যা - ৫০ টি (সাধারণ কোটা - ৪৫ টি এবং অস্বচ্ছল ও মেধাবী কোটা ৫% হিসাবে - ৫ টি) এবং বিদেশী আসন সংখ্যা - ৫০ টি]। চলতি শিক্ষাবর্ষে অদ্যাবধি সাধারণ কোটায় ৪৪ জন, অস্বচ্ছল ও মেধাবী কোটায় স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধিসহ গভর্নিং বডির সদস্যবৃন্দের উপস্থিতিতে ভর্তির জন্য নির্বাচিতদের মধ্যে ০৩ জন এবং বিদেশী কোটায় ৪৮ জন অর্থাৎ মোট ৯৫ জন শিক্ষার্থী ভর্তি হয়েছে তবে এদের মধ্যে ০২ জন বিদেশী শিক্ষার্থী ভর্তি হওয়া সত্ত্বেও এখনও কলেজে এসে পৌঁছে নাই যার কারনে তাদের রেজিস্ট্রেশন করা সম্ভব হয়নি। সর্বশেষ, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন এর আগে ০১ জন দেশী ছাত্র এবং ০২ জন বিদেশী ছাত্র না আসায় দেশী কোটায় ৪৬ জন এবং বিদেশী কোটায় ৪৬ জন সহ ২০১৮-১৯ শিক্ষাবর্ষে মোট ৯২ জন ছাত্র-ছাত্রী ভর্তির অনুমোদন দেয়া হয়।

A 19-21, Majid Sarani, Sonadanga, Khulna-9000
Phone : +88 041-812608, Fax : +88 041-724450
Cell : +88 01714-086830
E-mail : gmc11@rocketmail.com

**৩। রাজশাহী বিশ্ববিদ্যালয় ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় সংক্রান্ত জটিলতা সম্পর্কিতঃ**

রাজশাহী বিশ্ববিদ্যালয় ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে একই সাথে মে/২০১৯ সালের বৃত্তিমূলক পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে যার কারণে অধিভূক্ত কলেজ সমূহকে একই সাথে রাজশাহী বিশ্ববিদ্যালয় ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার ফি পরিশোধ করা সহ সুষ্ঠভাবে পরীক্ষা পরিচালনার জন্য বিভিন্ন ধরনের সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। এর ফলে কলেজ সমূহে একাডেমিক ও প্রশাসনিক জটিলতা সৃষ্টি হচ্ছে। উক্ত বিষয়ে মন্ত্রণালয়ের সম্মানিত প্রতিনিধি রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যায়ের সিন্ডিকেট সভায় উত্থাপন করবেন বলে জানান।

**৪। কলেজের মেডিকেল এডুকেশন ইউনিট (MEU) এবং কোয়ালিটি এ্যাসুরেন্স স্কিম (QAS) সম্পর্কিতঃ**

- মেডিকেল এডুকেশন ইউনিট (MEU) এবং কোয়ালিটি এ্যাসুরেন্স স্কিম (QAS) এর বর্তমানে সচল আছে এবং সকল কার্যক্রম নিয়মিত সিডিউল অনুযায়ী পরিচালিত হচ্ছে।
- অত্র কলেজের কোয়ালিটি এ্যাসুরেন্স স্কিম (QAS) এর বার্ষিক প্রতিবেদন নির্ধারিত সময়ে সেন্টার ফর মেডিকেল এডুকেশন (সিএমই) -এ প্রেরণ করা হয়েছে এবং সিএমই থেকে বার্ষিক প্রতিবেদন প্রাপ্তির পর ইমেইলে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।
- সেন্টার ফর মেডিকেল এডুকেশন (সিএমই) এর পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী আগামী ২৮/০৩/২০১৯ ইং তারিখে খুলনা মেডিকেল কলেজ, খুলনা এর উদ্যোগে খুলনা বিভাগের ০৮ টি মেডিকেল কলেজের একাডেমিক কো-অর্ডিনেটরবৃন্দের উপস্থিতিতে মেডিকেল কলেজ সমূহের কোয়ালিটি এ্যাসুরেন্স স্কিম (QAS) সংক্রান্ত বিষয়ে একটি সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় অত্র কলেজের একাডেমিক কো-অর্ডিনেটর উপস্থিত থাকবেন।
- সেন্টার ফর মেডিকেল এডুকেশন (সিএমই) এর উদ্যোগে আয়োজিত স্বাস্থ্য পেশাজীবী শিক্ষায় নিয়োজিত শিক্ষকবৃন্দের শিখন-প্রশিক্ষন ও মূল্যায়ন পদ্ধতির "Teaching methodology and assesment for the teachers of health professionals education institutes" এর উপর প্রশিক্ষণ কর্মসূচীতে গাজী মেডিকেল কলেজ, খুলনা এর শিক্ষক প্রতিনিধিগণ নিয়মিত অংশগ্রহন করছেন।
- Peer College Coordination বাড়ানোর জন্য স্বাস্থ্য অধিদপ্তরের সম্মানিত প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করা হয়।

**৫। বিবিধঃ**

ক) বিদেশী ছাত্র-ছাত্রীদের ভর্তির সময়সীমা ফেব্রুয়ারী পর্যন্ত থাকায় যে আসনগুলো ফাঁকা থাকে সেখানে দেশী ছাত্র-ছাত্রী ভর্তি করা সম্ভব হয় না কারন দেশী ছাত্র-ছাত্রী ভর্তির সময়সীমা থাকে ডিসেম্বর পর্যন্ত। এ বিষয়ে বিশেষ দৃষ্টি দেয়ার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়ের সম্মানিত প্রতিনিধি এবং স্বাস্থ্য অধিদপ্তরের সম্মানিত প্রতিনিধিকে অনুরোধ করা হয়।

খ) মালেয়শিয়া, আফ্রিকাসহ অন্যান্য দেশ থেকে বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তির বিষয়ে জটিলতা দূর করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সম্মানিত প্রতিনিধিদ্বয়দের বিশেষ অনুরোধ করা হয়।

গ) সভায় কমিউনিটি মেডিসিন বিভাগের সহযোগী অধ্যাপক এবং ফিজিওলজি বিভাগের একজন সহকারী অধ্যাপকসহ মোট দুইজন শিক্ষক নিয়োগের অনুমোদন দেয়া হয়।

পরিশেষে, সভাপতি মহোদয় গাজী মেডিকেল কলেজ এর উন্নয়ন কর্মকান্ডে ভূমিকা রাখার জন্য এবং ঢাকা থেকে আগত সম্মানিত প্রতিনিধিদ্বয়সহ উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে আজকের সভার সমাপ্তি ঘোষণা করেন।

অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস
সদস্য সচিব, গভর্নিং বডি এবং
অধ্যক্ষ, গাজী মেডিকেল কলেজ

A 19-21, Majid Sarani, Sonadanga, Khulna-9000
Phone : +88 041-812608, Fax : +88 041-724450
Cell : +88 01714-086830
E-mail : gmc11@rocketmail.com

গভর্নিং বডির অদ্যকার সভায় উপস্থিত সদস্যদের নাম ও পদবী নিম্নরূপ:

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব ডাঃ গাজী মিজানুর রহমান | সভাপতি |
| ২ | জনাব অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস | সদস্য সচিব |
| ৩ | জনাব ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি |
| ৪ | জনাব অধ্যাপক ডাঃ একেএম আহসান হাবিব | স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি |
| ৫ | জনাব ডাঃ বঙ্গ কমল বসু | শিক্ষক প্রতিনিধি |
| ৬ | জনাব ডাঃ রমেন্দ্রনাথ বিশ্বাস | শিক্ষক প্রতিনিধি |
| ৭ | জনাব মিসেস তানিয়া রহমান | দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য |
| ৮ | জনাব জাকিয়া সুলতানা | অভিভাবক প্রতিনিধি |
| ৯ | জনাব মোঃ কামরুল হাসান | অভিভাবক প্রতিনিধি |
| ১০ | জনাব অধ্যাপক ডাঃ ইয়াছিন আলী গাজী | বিদ্যোৎসাহী প্রতিনিধি |
| ১১ | জনাব ডাঃ কাজী মুজাহিদুল ইসলাম | বিদ্যোৎসাহী প্রতিনিধি |